উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত (৩২ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৭/০২/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি আরোও বলেন যে, ২০২২ সালের উপজেলা পরিষদের সভায় নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জনাব মার্জিয়া সুলতানা বলেন যে, শত ব্যস্ততার মাঝেও রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় তাঁর স্বাগত বক্তব্য জানান যে, তাঁর ছোট ভাই জনাব কাজী এরাদত আলী, সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, রাজবাড়ী ও সভাপতি, চেম্বার অব কমার্স ইন্ডাঃ, রাজবাড়ী অসুস্থ্য থাকায় ভারতের দিল্লীতে চিকিৎসাধীন রয়েছে। তাঁর ছোট ভাইয়ের দ্রুত সুস্থ্যতার জন্য সকলের নিকট দোয়া কামনা করেন। সভায় তাঁর ছোট ভাইয়ের দ্রুত সুস্থ্যতার জন্য মহান আল্লাহর নিকট দোয়া করা হয়। তিনি নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন যে, মহান আল্লাহর ইচ্ছা ছাড়া জনপ্রতিনিধি হওয়া সম্ভব নয়। সরকারের প্রত্যেকটি কাজ সম্পন্ন করতে ইউপি চেয়ারম্যানদের অনেক পরিশ্রম করতে হয়। প্রত্যেকটা কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকতে হবে। তিনি বিভাগীয় প্রধানদের উদ্দেশ্যে বলেন সকলকে সচেতনতার সাথে দায়িত্ব ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার কর্তৃক গত ২৬/০২/২০২২ খ্রিঃ তারিখে সারা দেশে ০১ কোটি লোককে গণটিকা প্রদান করা হয়েছে। রাজবাড়ী সদর উপজেলায় গত কালের গণটিকা প্রদান কার্যক্রম সফলভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	জনাব ডাঃ মোঃ আব্দুর রহমান, গত ২০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে রাজবাড়ী সদর উপজেলায় যোগদান করেন। সভায় তিনি জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় ১৪টি ইউনিয়নে গত ২৬/০২/২০২২ খ্রিঃ তারিখে সাইনোফার্মের টিকা ৯,৬০৫ জনকে এবং অ্যাস্ট্রাজেনেকার টিকা ৮,৯৫৯ জনকে সর্বমোট ১৮,৫৬৩ জনকে গণটিকা প্রদান করা হয়েছে। উক্ত গণটিকার কার্যক্রম সফলভাবে সম্পূর্ণ হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	তিনি আরোও বলেন যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ফেব্রুয়ারি/২২ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সাইনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ৩,০৩,০৫৮ জন ও ২য় ডোজ ১,৭৭,৯৪১ জন ও বুষ্টার ডোজ ১৩,৬০১ জনকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় গণটিকা কার্যক্রম সাফল্যের সাথে সম্পন্ন করায় সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, স্বাস্থ্যকর্মী ও ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানানা।		
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিককরণ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা ৫০% (ভর্তুকী) প্রদানের জন্য বোরো মৌসুমে কম্বাইন হার্ভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, সিডার, বেড প্লান্টার, পাওয়ার ইউডার, রিপার ও রিপার বাইন্ডার, পাওয়ার থ্রেসার, পাওয়ার স্প্রেয়ার, মেইজ শেলার, ড্রায়ার ও ক্যারেট ওয়াশার যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকদের আবেদনপত্র ১০/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে কৃষকদের চাহিদা দেয়ার জন্য নির্ধারিত আবেদনপত্র জমা দেয়া ও উপস্থিত সকলকে বিষয়টিকে সকলের অবস্থান থেকে কৃষকদের জানানোর জন্য তিনি সকলকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৩	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, প্রাণিসম্পদ উৎপাদনে টেকসই প্রযুক্তির ব্যবহার, উন্নত প্রজাতির প্রাণী পালনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, নতুন টেকনোলজির সাথে তরুণ উদ্যোক্তাদের পরিচিতি ঘটানো এবং পারস্পরিক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে ১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ প্রাণিসম্পদ প্রদর্শনীর আয়োজন করা হয়। রাজবাড়ী ১ আসনের সংসদ সদস্য আলহাজ কাজী কেরামত আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে প্রাণিসম্পদ প্রদর্শনী ২০২২ এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ প্রদর্শনীর আয়োজনের প্রসংশা করেন এবং এক দিনের পরিবর্তে তিন দিন আয়োজনের পরামর্শ দেন। এবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া ঘাস চাষী, গবাদিপশু ও হাসমুরগি পালনকারী খামারিদের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সুফলভোগী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির মতামত নেয়া হয়েছে। সম্প্রতি, লাইফ সাইন্স ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট ০১ (এক) বছর মেয়াদী এনিম্যাল হেলথ এন্ড প্রডাকশন কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি নজরে এসেছে। বিজ্ঞপ্তি মোতাবেক উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ফিল্ড ট্রেনিং সুবিধা দেয়া হবে মর্মে উল্লেখ্য আছে। উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ফিল্ড ট্রেনিং এর অনুমতি, ভেটেরিনারি বিষয়সমূহের প্রশিক্ষকের তালিকা এবং ভেটেরিনারি প্রশিক্ষণ দেয়ার অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে পরিচালক, লাইফ সাইন্স ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট বরাবর পত্র দেয়া হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর
০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, মোবাইল কোর্টের মাধ্যমে পদ্মানদীতে অন্তর মোড় সংলগ্ন ০১টি বাঁধ অপসারণ করা হয়েছে। ০৭টি অভিযান পরিচালনা করা হয়েছে। ০১ লক্ষ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ ও বিনষ্ট করা হয়েছে। মোবাইল কোর্ট ও অভিযানে জব্দকৃত ৩০ কেজি জাটকা এতিমখানা ও দুস্থদের মধ্যে বিতরণ করা হয়েছে। নদী থেকে বাঁধ অপসারণের জন্য সচেতনতা সভা করা হয়েছে। মৎস্য খাদ্য লাইসেন্সের সদস্য মোট ১০ জনে উন্নীত হয়েছে। এছাড়া মৎস্য পরামর্শ সেবা এবং পরামর্শ অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, নিমতলা মুধুখালী রাস্তায় যে সকল গাছ ১৮ ফিটের মধ্যে পরে সে সকল গাছগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, রাজবাড়ী সদরকে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর
০৬	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, অত্র দপ্তরের আওতাধীন সরকারী প্রাথমিক বিদ্যালয় ০২/০৩/২০২২ খ্রিঃ তারিখ থেকে ১ম-৫ম শ্রেণী পর্যন্ত পূর্বে ন্যায় শ্রেণী পাঠদান চলবে এবং শিশু শ্রেণী চালুর বিষয়ে পববর্তীতে জানানো হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা পাওয়া গেছে। স্বাস্থ্য বিধি মেনে শ্রেণী পাঠদান চলবে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর
০৭	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের জানুয়ারি হতে মার্চ মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ৫০ টি প্রতিবন্ধির আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠি জাতিসত্ত্বা ও ক্ষুদ্র সম্প্রদায়ের পরিবারের মধ্যে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ০২ টি পরিবারকে ৮,০০০/- (আট হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে। আরএসএস পূন:বিনিয়োগ করা হয়েছে ৫,৫০,০০০ টাকা এবং আদায়কৃত ৯,৯২,৭৫০/- টাকা। ২০২১-২২ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য ৫৯৪ জন প্রতিবন্ধীকে নতুন ভাতার বরাদ্দ এসেছে। প্রতিবন্ধী যাচাই-বাছাইয়ের জন্য তারিখ নির্ধারণ প্রয়োজন। প্রতিবন্ধী যাচাইয়ের তারিখে প্রতিবন্ধী ভাতা কার্ড, জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদ ও মোবাইল নম্বরসহ ভাতা প্রত্যাশিদের উপস্থিত থাকার অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি বলেন যে, একই দিনে ২-৩টি করে ইউনিয়নে প্রতিবন্ধী যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনা করা হবে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৮	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৭১ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২৯ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৭৫ টি গৃহ নির্মাণের কাজ শুরু করা হয়েছে। ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত ২৫ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। জমি নির্বাচনের কার্যক্রম চলমান। টিআর ও কাবিখা'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৯	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৮২৯ মেঃ টন চাউল, ৩২৫ মে: টন গম ও ধান ২৯৮ মে: টন মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগামী মার্চ/২২-এপ্রিল/২২ মাসে অত্র উপজেলায় ২৯ জন ডিলারের মাধ্যমে ১২৬০৩ জন উপকারভোগীদের মধ্যে ১০/- টাকা কেজি দরে চাল বিতরণ কার্যক্রম চালু হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১০	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।